# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
## Bangladesh Water Development Board

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) এর কার্যালয়
মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো
পানি ভবন, লেভেল-১,
৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫
ফোনঃ ০২-২২২২৩০১৩০

website: www.bwdb.gov.bd

OFFICE OF THE SUPERINTENDING ENGINEER
DIRECTORATE OF
HUMAN RESOURCE DEVELOPMENT, BWDB
PANI BHABAN, LEVEL-1,
72 GREEN ROAD, DHAKA-1205.
Phone: 02-222230130
e-mail: dir.staff.bwdb@gmail.com


স্মারক নং-৪২.০১.০০০০.০৩০.১১.০০১.২৪-১৪৬৯

তারিখঃ ২১ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ
০৬ আশ্বিন, ১৪৩২ বঙ্গাব্দ

# নিয়োগ আদেশ

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের রাজস্বখাত ভুক্ত উর্ধ্বতন হিসাব সহকারী পদে নিম্নলিখিত প্রার্থীকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে জাতীয় বেতন স্কেল-২০১৫ এর ১৪তম গ্রেডে সাময়িকভাবে নিয়োগ প্রদান করা হলো। নিয়োগপ্রাপ্তদের ২৮/০৯/২০২৫ খ্রি. তারিখ, রোজ রবিবার, সকাল ০৯:০০ ঘটিকায় কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (পানি ভবন, ৭২ গ্রীনরোড, ঢাকা ১২০৫) দপ্তরে যোগদানের নির্দেশ প্রদান করা হলো।

| ক্রঃ নং | নাম ও জন্ম তারিখ | পিতা ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | ছবি |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | ফারজানা মুন্নী<br>জন্ম তারিখঃ ০৪/০৭/১৯৯৯ | মজিবুর রহমান<br>আমেনা বেগম | গ্রামঃ জুরানপুর<br>ডাকঘরঃ জুরানপুর<br>উপজেলাঃ দাউদকান্দি<br>জেলাঃ কুমিল্লা |  |

০২। **নিয়োগের শর্তাবলীঃ**

(ক) অত্র দপ্তর স্মারক নং- ৪২.০১.০০০০.০৩০.১১.০০১.২৪-৬৭৩; তারিখঃ ০১-০৬-২০২৫ খ্রি. মোতাবেক প্রকাশিত দপ্তরাদেশ এর ধারাবাহিকতায় এ নিয়োগাদেশ জারী করা হলো।

(খ) নিয়োগ প্রাপ্ত প্রার্থীর চাকুরী বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের চাকুরী প্রবিধানমালা-২০১৩ এবং সময় সময় বাংলাদেশ সরকার ও বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সংশ্লিষ্ট আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হবে।

(গ) নিয়োগ প্রাপ্ত প্রার্থী জাতীয় বেতন স্কেল-২০১৫ এর ১৪তম গ্রেডে টাকা ১০২০০-২৪৬৮০ এবং বিধি মোতাবেক সরকার প্রদত্ত অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

(ঘ) উক্ত ১ (এক) জন প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন সম্পন্ন হয়েছে এবং রিপোর্ট সন্তোষজনক পাওয়া গিয়েছে।

(ঙ) চাকুরীতে যোগদানের সময় নিয়োগ প্রাপ্ত প্রার্থীকে বোর্ডের নির্ধারিত ফরমে স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ দাখিল করতে হবে। এছাড়াও, যে কোন জেলার সিভিল সার্জন অথবা যে কোন সরকারী মেডিক্যাল কলেজের উপর্যুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত শারীরিক সুস্থতার স্বপক্ষে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। তাছাড়াও, যে কোন সরকারী হাসপাতাল হতে সংগৃহীত প্রার্থীর মাদকাসক্ততা সংক্রান্ত পরীক্ষার (ডোপ টেস্ট) রিপোর্টও যোগদানের সময় দাখিল করতে হবে। ডোপ টেষ্ট রিপোর্ট-এ মাদকাসক্ত প্রমাণিত হলে তার যোগদানপত্র গৃহীত হবে না এবং তার নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে।

(চ) নিয়োগ প্রাপ্ত প্রার্থী ০১ (এক) বৎসরের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। সংশ্লিষ্ট দপ্তর প্রধান কর্তৃক সন্তোষজনক কার্য সম্পাদন প্রতিবেদন এবং অন্যান্য শর্ত প্রতিপালন সাপেক্ষে শিক্ষানবিশকাল সম্পন্ন করার পর তার যোগদানের তারিখ হতে চাকুরী স্থায়ীকরণের জন্য বিবেচিত হবেন। চাকুরী স্থায়ীকরণ না হওয়া পর্যন্ত বাৎসরিক বেতন বৃদ্ধি হবে না।

(ছ) অত্র দপ্তর স্মারক নং- ৪২.০১.০০০০.০৩০.১১.০০১.২৪-৬৭৩; তারিখঃ ০১-০৬-২০২৫ খ্রি. মোতাবেক প্রকাশিত দপ্তরাদেশ অনুযায়ী জ্যেষ্ঠতা নির্ধারিত হবে। যোগদানের তারিখ (২৮-০৯-২০২৫ খ্রি.) হতে ২১ (একুশ) দিনের মধ্যে চাকুরীতে যোগদান করলে উক্ত মেধাভিত্তিক জ্যেষ্ঠতা বলবৎ থাকবে। উক্ত সময়ের মধ্যে যোগদানে ব্যর্থ হলে ২৮-০৯-২০২৫ খ্রি. হতে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) দিনের মধ্যে যোগদান করতে পারবেন। তবে সে ক্ষেত্রে যোগদানের তারিখ হতে জ্যেষ্ঠতা নির্ধারিত হবে। নিয়োগাদেশে উল্লিখিত যোগদানের তারিখ হতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে যোগদানে ব্যর্থ হলে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

(জ) চাকুরীতে যোগদানের জন্য কোন প্রকার ভ্রমণ ভাতা/ দৈনিক ভাতা বা অন্য কোন প্রকার আর্থিক সুবিধা প্রদান করা হবে না।

(ঝ) অন্য কোন সংস্থায় চাকুরীরত প্রার্থীর অত্র সংস্থায় যোগদানের পূর্বে কর্মরত সংস্থা হতে ছাড়পত্র গ্রহণ করা বাধ্যতামূলক। যোগদান পত্রের সাথে অবশ্যই উক্ত ছাড়পত্র দাখিল করবেন।

(ঞ) শিক্ষানবিশ সময়ে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকলে অনুপস্থিতির দিন হতে কোন প্রকার নোটিশ প্রদান ব্যতিরেকে চাকুরিচ্যুত হিসেবে গণ্য করা হবে এবং পদটি শূন্য বলে বিবেচিত হবে।

(ট) নিয়োগ প্রাপ্ত প্রার্থী কর্তৃক আবেদনের সময় প্রদত্ত তথ্য বা তার অংশবিশেষ অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে এবং যে কোন পর্যায়ে কোন দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে/করে থাকলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল হবে। এক্ষেত্রে তিনি গৃহীত সমুদয় সুবিধাদি প্রত্যর্পণ করতে বাধ্য থাকবেন।

(ঠ) নিয়োগ প্রক্রিয়ায় বিলম্বের কারণে চাকুরিতে প্রবেশের নির্ধারিত বয়সসীমা অতিক্রান্ত হলে অতিরিক্ত বয়স সংস্থাপন বিভাগের স্মারক নং-Ed/jv-34/74-20, তারিখঃ ২১-১২-১৯৭৪ মোতাবেক প্রমার্জিত হিসেবে গণ্য হবে।

০৩। বাপাউবো'র মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ নিয়োগাদেশ জারী করা হলো।

২১/০৯/২৫

(আরিফউজ্জামান খান)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)
মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।

স্মারক নং-৪২.০১.০০০০.০৩০.১১.০০১.২৪-১৪৬৯/১(৫০)

তারিখঃ ২১ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ / ০৬ আশ্বিন, ১৪৩২ বঙ্গাব্দ

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

**অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রধান/নিয়ন্ত্রক, .. .. .. .. .. .. ... .. .. .. .. .বাপাউবো, .. .. .. ........ ... ....।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক/পরিচালক/অধ্যক্ষ/সচিব, .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. বাপাউবো, ...... .... ..।

৩। মহাপরিচালক মহোদয়ের চীফ স্টাফ অফিসার, বাপাউবো, ঢাকা।

৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের জন্য) ।**

৫। নির্বাহী প্রকৌশলী/উপ-পরিচালক... .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. . বাপাউবো, .. .. .. .. .. ................।

৬। উপ-পরিচালক/হিসাব রক্ষণ কর্মকর্তা, .. .. .. .. .. .. .. .. .. আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, .. .. .. . .. .. .. ........।

৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পরিকল্পনা/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/অর্থ), বাপাউবো, ঢাকা।

৮। অফিস কপি।

৯। রেজিষ্টার্ড উইথ এডি টু, জনাব .. .. .. .. .. .... .. .. .. .. .. .. .. .. .........।

Mahmudul
21.09.25

(মাহমুদুল ইসলাম খান)
সহকারী প্রকৌশলী (পুর)
মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।